# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৪২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৩]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ বিনা অযুতে কুরআন পড়া

باب قِرَاءَةِ الْقُرْآنِ بَعْدَ الْحَدَثِ وَغَيْرِهِ

---

আরবী

□□□ـ عَنْ ابْنِ عَبَّاسٍ رضي الله عنهما: أَنَّهُ بَاتَ لَيْلَةً عِنْدَ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ ، وَهِيَ خَالَتُهُ، فَاضْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ، وَاضْطَجَعَ رَسُولُ اللَّهِ وَأَهْلُهُ فِي طُولِهَا، فَنَامَ رَسُولُ اللَّهِ حَتَّى إِذَا انْتَصَفَ اللَّيْلُ أَوْ قَبْلَهُ بِقَلِيلٍ أَوْ بَعْدَهُ بِقَلِيلٍ، اسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ فَجَلَسَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجْهِهِ بِيَدِهِ، ثُمَّ قَرَأَ الْعَشْرَ الآيَاتِ الْخَوَاتِمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ، ثُمَّ قَامَ إِلَى شَنٍّ مُعَلَّقَةٍ، فَتَوَضَّأَ مِنْهَا، فَأَحْسَنَ وُضُوءَهُ، ثُمَّ قَامَ يُصَلِّي، قَالَ: فَقُمْتُ فَصَنَعْتُ مِثْلَ مَا صَنَعَ، ثُمَّ ذَهَبْتُ فَقُمْتُ إِلَى جَنْبِهِ، فَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي، وَأَخَذَ بِأُذُنِي الْيُمْنَى يَفْتِلُهَا، فَصَلَّى رَكْعَتَيْنِ، ثُمَّ رَكْعَتَيْنِ، ثُمَّ رَكْعَتَيْنِ، ثُمَّ رَكْعَتَيْنِ، ثُمَّ رَكْعَتَيْنِ، ثُمَّ رَكْعَتَيْنِ، ثُمَّ أَوْتَرَ، ثُمَّ اضْطَجَعَ، حَتَّى أَتَاهُ الْمُؤَذِّنُ، فَقَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ، ثُمَّ خَرَجَ فَصَلَّى الصُّبْحَ. (بخارى:□□□)

বাংলা

১৪২) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ তিনি একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর স্ত্রী মায়মুনার ঘরে রাত্রি যাপন করলেন। মায়মুনা ছিলেন ইবনে আব্বাসের খালা। ইবনে আব্বাস বলেনঃ আমি বিছানার এক প্রস্থে শয়ন করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং তাঁর স্ত্রী বিছানার দৈর্ঘে শয়ন করলেন। রাত্রি যখন অর্ধেক হল অথবা তার চেয়ে একটু কম বা বেশী হল তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জাগ্রত হয়ে বসলেন এবং স্বীয় চেহারা মোবারক থেকে হাত দিয়ে মুছে নিদ্রার প্রভাব দূর করছিলেন। অতঃপর তিনি সূরা আল-ইমরানের শেষ দশ আয়াত পাঠ করলেন। তারপর তিনি একটি ঝুলন্ত কলসীর কাছে গিয়ে তা থেকে উত্তমভাবে অযু করলেন এবং নামাযে দাঁড়িয়ে গেলেন।

ইবনে আব্বাস বলেনঃ আমিও ঘুম থেকে উঠে তাই করলাম, যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম করেছেন। অতঃপর তাঁর পাশে গিয়ে নামাযে দাঁড়ালাম। তিনি স্বীয় ডান হাত আমার মাথায় রেখে আমার ডান কানে ধরে

মললেন। (অন্য বর্ণনায় এসেছে, ইবনে আব্বাস প্রথমে বাম দিকে দাঁড়িয়েছিলেন। তাই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে কানে ধরে টেনে ডান দিকে দাঁড় করালেন। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'রাকআত করে ছয়বারে বারো রাকআত নামায পড়লেন। অতঃপর বিতর নামায পড়ে তিনি শয়ন করলেন। পরিশেষে মুআযি্যন আগমণ করলে শয়ন থেকে উঠে তিনি সংক্ষিপ্তভাবে দুই রাকআত নামায পড়লেন। অতঃপর (ফজরের নামায আদায়ের জন্য) বের হলেন এবং নামায পড়লেন।

## English

The recitation of Quran or doing other invocations etc. after Hadath

Narrated `Abdullah bin `Abbas:

That he stayed overnight in the house of Maimuna the wife of the Prophet, his aunt. He added : I lay on the bed (cushion transversally) while Allah's Messenger (ﷺ) and his wife lay in the lengthwise direction of the cushion. Allah's Messenger (ﷺ) slept till the middle of the night, either a bit before or a bit after it and then woke up, rubbing the traces of sleep off his face with his hands. He then, recited the last ten verses of Sura Al-`Imran, got up and went to a hanging water-skin. He then Performed the ablution from it and it was a perfect ablution, and then stood up to offer the prayer. I, too, got up and did as the Prophet had done. Then I went and stood by his side. He placed his right hand on my head and caught my right ear and twisted it. He prayed two rak`at then two rak`at and two rak`at and then two rak`at and then two rak`at and then two rak`at (separately six times), and finally one rak`a (the witr). Then he lay down again in the bed till the Mu'adh-dhin came to him where upon the Prophet (ﷺ) got up, offered a two light rak`at prayer and went out and led the Fajr prayer.

### ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১৮৩
ইসলামিক সেন্টারঃ ১৭৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88838

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন